দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# সরকারী কর্মচারী ও শিক্ষকদের ৭২ ঘণ্টার কর্মবিরতি শুরু ❑ কঠোর কর্মসূচীর সিদ্ধান্ত

স্টাফ রিপোর্টার ঃ সরকারী কর্মচারী ও প্রাথমিক শিক্ষকদের ৩০ ভাগ মহার্ঘ ভাতাসহ অন্যান্য দাবী মেনে না নিলে কর্মচারী-শিক্ষকগণ নিজেরাই নিজেদের পথ বেছে নিতে বাধ্য হবে। কঠোর কর্মসূচীর মাধ্যমে দাবী আদায়ের পদক্ষেপ নেয়া হবে বলে নেতৃবৃন্দ ঘোষণা দিয়েছেন।

সরকারী কর্মচারী সমন্বয় পরিষদ ও প্রাথমিক শিক্ষক সমিতি গতকাল থেকে তাদের ৭২ ঘণ্টা পূর্ণ কর্মবিরতি পালন শুরু করেছে। ঢাকায় ওসমানী উদ্যানে দেশের

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন




*ইনকিলাব ঃ গতকাল ওসমানী উদ্যানে বাংলাদেশ সরকারী সমন্বয় পরিষদ ও প্রাথমিক শিক্ষক সমিতি বাগকসপ আয়োজিত অবস্থান ধর্মঘট চলাকালে মঞ্চে উপবিষ্ট কেন্দ্রীয় নেতৃবৃন্দ*

## কর্মবিরতি শুরু

৮-এর পৃষ্ঠার পর

বিভিন্ন জেলা-উপজেলা থেকে শত শত কর্মচারী ও শিক্ষকগণ এই কর্মসূচীর অংশ হিসেবে ঢাকায় অবস্থান করা শুরু করেছেন।

ওসমানী উদ্যানে অধ্যাপক আবুল কালাম আজাদের সভাপতিত্বে দিনব্যাপী গতকালের সমাবেশে মোঃ সালে উদ্দিন সেলিম, মোঃ আঃ মান্নান, মোঃ ফিরোজ মিয়া, কাজী আ কা ফজলুল হক, এম এ হান্নান, মোঃ আব্দুল কাদের, এস এম আলতাফ হোসেন, এম এ রাজ্জাক

রাজু, নাজমা আক্তার, ইকবাল হায়াত খান, ওসমান আলী, খায়ের আহমেদ মজুমদার, কাজী কামাল, এমএ কাইউম, এমদাদ হোসেন তালুকদার ও বেলায়েত হোসেন চৌধুরী বক্তব্য রাখেন।

সরকারী কর্মসূচী সমন্বয় পরিষদের মহাসচিব মোঃ সালে উদ্দিন সেলিম বলেছেন, মন্ত্রী, আমলা, ইঞ্জিনিয়ারসহ প্রায় ৩ হাজার ব্যক্তি গত ৩০ বছরে ৯৫ হাজার কোটি টাকা লুটপাট করেছে। কর্মচারী ও গরীব চাষী, শ্রমিকের ভাগ্যের কোন উন্নয়ন হয়নি। বর্তমান সরকারের নতজানু নীতির ফলে হাজার হাজার কর্মচারী চাকরি হারাচ্ছেন। তিনি বলেন, সরকারের বিমাতাসুলভ আচরণের কারণে সরকারী কর্মচারী ও শিক্ষকগণ অফিস ছেড়ে এখন রাস্তায় নামতে বাধ্য হয়েছেন, দাবী আদায় হলে তারা আবার কর্মস্থলে ফিরে যাবেন।

আবুল কালাম আজাদ অবিলম্বে দাবীসমূহ মেনে নেয়ার জোর দাবী জানিয়ে বলেন, অন্যথায় নিজেরাই নিজেদের পথ বেছে নেবেন। আজ ও আগামীকাল দেশব্যাপী কর্মবিরতি, ঢাকায় অবস্থান ও মহাবিক্ষোভ কর্মসূচী সফল করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মচারী ও শিক্ষককে আহবান জানানো